# গাইবান্ধা জেলার গোবিন্দগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ আব্দুল লতিফ প্রধান
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ
তারিখ ও সময় : ১৪/১০/২০২১খ্রিঃ, সকাল : ১১.০০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা - **হাজিরা রেজিস্টারে লিপিবদ্ধ রয়েছে।**

সভার প্রারম্ভে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানানো হয়। সভায় সারাদেশ ব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) এর প্রাদুর্ভাবে উদ্ভূত পরিস্থিতিতে সামাজিক দুরত্ব বজায় রেখে স্বাস্থ্য বিধি মেনে সভা পরিচালনার অনুরোধ জানানো হয়। আলহাজ্ব প্রকৌশলী মোঃ মনোয়ার হোসেন চৌধুরী, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪ ও উপদেষ্টা মহোদয় মোবাইল ফোনে সভায় যুক্ত হয়ে দিক নির্দেশনা প্রদান করেন। সভায় পর্যায়ক্রমে স্ব স্ব বিভাগের কার্যক্রম উপস্থাপন, আলোচনা ও নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র/নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১ | গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | সভায় গত ০৯/০৯/২০২১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ সভার কার্যবিবরণী পাঠ করা হয়। এ বিষয়ে কোন আপত্তি উত্থাপিত হয়নি। | কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। | |
| ০২ | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বৎসরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) এর আওতায় ১ম কিস্তিতে = ৩০,৫৫,০০০ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে বরাদ্দকৃত অর্থ হতে ৩০% অর্থ পিআইসির মাধ্যমে এবং কোটেশনের মাধ্যমে = ১৫,০০,০০০/- টাকা ব্যয় করা হয়েছে। তিনি আরও জানান যে জীবনপুর সরকারী প্রাথমিক বিদ্যারয়ে নতুন ভবন নির্মান স্থলে বৈদ্যুতিক খুঁটি থাকায় নির্মান কাজে ব্যাঘাত সৃষ্টি হয়। জরুরী ভিত্তিতে নির্মান স্থল হতে বৈদ্যুতিক খুঁটি অপসারণ এবং নতুন খুঁটি স্থাপন করতে লেবার খরচসহ আনুমানিক = ১,০০,০০০/- টাকা খরচ হয়। উক্ত ব্যয় পরিশোধের জন্য পিআইসির মাধ্যমে এডিপি বরাদ্দ হতে প্রকল্পটি গ্রহণ করা যেতে পারে। চেয়ারম্যান, উপজেলা পরিষদ গোবিন্দগঞ্জ, গাইবান্ধা মহোদয়ের মৌখিক নির্দেশ ক্রমে কলাকাটা হামছাপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রটেকশন কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলিত মুল্য আনুমানিক প্রায় = ৫,০০,০০০/- টাকা এবং মহিমাগঞ্জ গোবিন্দগঞ্জ রাস্তা ভায়া সদারহাট রাস্তা চেইঃ ২৫৩০মিঃ ভাঙ্গা ব্রীজ জরুরী ভিত্তিতে মেরামত কাজ করতে আনুমানিক প্রায় = ৫,০০,০০০/- টাকা ব্যয় হতে পারে। উক্ত প্রকল্প ২টি রাজস্ব উদ্বৃত্ত বরাদ্দ হতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়ন করা যেতে পারে। কোভিট-১৯ করোনা ভাইরাস প্রতিরোধ মূলক ব্যবস্থা গ্রহণের জন্য বিনামুল্যে ম্যাক্স, হ্যান্ড স্যানিটাইজার, এন্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি সরবরাহের নিমিত্তে = ৫,৩৮,০০০/- টাকা বরাদ্দ পাওয়া যায়, যাহা কোটেশনের মাধমে বাস্তবায়ন করা যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত প্রকল্পসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | **সিদ্ধান্ত :** আর্থিক বিধিবিধান ও নীতিমালা অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |
| ০৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, সরকারি নির্দেশনা মোতাবেক দাপ্তরিক কার্যাদি ও পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও জানান যে, তার তত্ত্বাবধানে পরিচালিত 'প্রমোট হোস্টেল' (কর্মজীবী মহিলা হোস্টেল)টি দীর্ঘদিন যাবৎ কোনো সংস্কার/ মেরামত কাজ না হওয়ায় ওয়াশরুম, বাথরুর মেরামত/স্থাপনসহ টুকিটাকি কাজ করা জরুরী হয়ে পড়েছে। কাজগুলো সম্পাদন করতে সম্ভাব্য ব্যয় ৫০,০০০/- টাকা হতে পারে, যা নিজস্ব অর্থায়নে করা যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর কাজের সম্ভাব্যতা যাচাই অন্তে মেরামত/স্থাপনসহ টুকিটাকি কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | **সিদ্ধান্ত :** আর্থিক বিধিবিধান অনুসরণ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ০৪ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ | সহকারী প্রকৌশলী, বিএমডিএ, সভায় জানান যে, চলতি আমন মৌসুমে ৭৪টি গভীর নলকুপ ও ১২টি LLP সেচ যন্ত্রের মাধ্যমে ২,৩৬০ হেক্টর আমন ধানের জমিতে সম্পূরক সেচ কার্যক্রম অব্যাহত রয়েছে। মুজিব বর্ষ উপলক্ষ্যে চলতি বছর দুধিয়া আশ্রয়ন প্রকল্পে বিনামূল্যে ২০০টি ফলদ, বনজ ও ঔষধি চারা রোপণ করা হয়েছে। এছাড়া বিএমডিএ কর্তৃক পুনঃখননকৃত খাস খাল খাড়ী ও পুকুর পাড়ে ১২,২০০টি ফলদ ও বনজ চারা রোপণ করা হয়েছে। বিগত ২০২০-২১ অর্থবছরে বিএমডিএ কর্তৃক ২.৮৩কি.মি. খাস খাল খাড়ী পুনঃখনন এবং ০৭টি পুকুর পুনঃখনন কাজ সম্পূর্ণ করা হয়েছে। চলতি ২০২১-২২ অর্থবছরে ০১টি বিল ও ২২টি পুকুর পুনঃখননের জন্য জরিপ কাজ সম্পূর্ণ করা হয়েছে। এছাড়া বরেন্দ্র কর্তৃপক্ষের বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ও সুষ্ঠুভাব পরিচালিত হচ্ছে। | | |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য - ০২

<table>
<tr><th>ক্র/নং</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>০৫</td><td>উপস্থিত অন্যান্য অফিস সমূহ</td><td>সভায় দাপ্তরিক কার্যাদি স্বাভাবিক চলছে মর্মে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, উপজেলা প্রাণি সম্পদ অফিসার, উপজেলা কৃষি অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, উপজেলা পরিসংখ্যান অফিসার, উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, সমন্বয়কারী, দারিদ্র বিমোচন অফিসারগণ, ফরেষ্টার, সামাজিক বনায়ন কেন্দ্র সভায় জানান।</td><td>সিদ্ধান্ত : বিভাগীয় কার্যক্রম যথানিয়মে সম্পন্ন করতে হবে।</td><td>সংশ্লিষ্ট দপ্তর প্রধানগণ</td></tr>
<tr><td>০৬</td><td>বিবিধ-০১<br>অন্যান্য ব্যয়</td><td>উপজেলা প্রকৌশলীল দপ্তরে কর্মরত তড়িৎ বিদ জনাব মোঃ আব্দুর রাজ্জাক উপজেলা পরিষদের বিভিন্ন ভবন ও দপ্তরের বিদ্যুত ও পানির লাইনের কাজ করে থাকেন। তিনি এ সব কাজ সম্পাদনের জন্য হেমার, মই, ড্রিল মেশিন, প্যাচ কাটার মেশিন, কাটার মেশিন, র‍্যাঞ্জ, প্লাস ইত্যাদি যন্ত্রপাতি ক্রয়ের আবেদনপত্র দাখিল করেছেন। এতে প্রায় ২০,০০০/- (বিশ হাজার) টাকার প্রয়োজন হবে।<br>বর্ণিত অবস্থায়, সরকারি নির্দেশনা অনুযায়ি বিধিবিধান অনুসরণ পূর্বক ব্যয় পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সিদ্ধান্ত : আর্থিক বিধিবিধান অনুসরণ করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
<tr><td>০৭</td><td>বিবিধ-০২<br>রাজস্ব ব্যয়</td><td>উপজেলা নির্বাহী অফিসার জানান, উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নবর্ণিত ব্যয়ের বিপরীতে বিল পাওয়া গেছে।
<table>
<tr><th>ক্র/নং</th><th>বিলের বিবরণ</th><th>ব্যয়</th></tr>
<tr><td>০১</td><td>উপজেলা পরিষদের বিধ্বস্থ/ ভাঙ্গা প্রচীর মেরামত কাজের ব্যয় পরিশোধ</td><td>= ২৪,১০০/-</td></tr>
<tr><td>০২</td><td>উপজেলা পরিষদের বিভিন্ন ড্রেন পরিস্কার কাজের ব্যয় পরিশোধ</td><td>= ২৪,২০০/-</td></tr>
<tr><td>০৩</td><td>ননগেজেটেড ডর্মিটরীর পানির লাইন ও ফিটিংস সংযোজন ও মেরামত</td><td>= ১৪,৭০০/-</td></tr>
<tr><td>০৪</td><td>অফিসের ওয়াসরুমের বেসিনের ও পানির লাইন মেরামত ও ব্যটারী স্থাপন</td><td>= ১২,৯০০/-</td></tr>
<tr><td></td><td>মোট :</td><td>= ৭৫,৯০০/-</td></tr>
<tr><td colspan="3">(নীট দেয় : পঁচাত্তর হাজার নয়শত টাকা মাত্র)</td></tr>
</table></td><td>সিদ্ধান্ত : সর্বসম্মতি ক্রমে ব্যয় অনুমোদিত ও পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার</td></tr>
</table>

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল লতিফ প্রধান)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য - ০৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।
www.gobindaganj.gaibandha.gov.bd

স্মারক নম্বর - ০৫.৫৫.৩২৩০.০৭০.১৬.০০১.২১.৭৯৮(৬০)

তারিখ: ২৫ ভাদ্র ১৪২৮ বঙ্গাব্দ
০৯ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩২ গাইবান্ধা-৪, গোবিন্দগঞ্জ।

০৩। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

০৫। জেলা প্রশাসক, গাইবান্ধা।

০৬। মেয়র, গোবিন্দগঞ্জ পৌরসভা, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

০৭। মহিলা ভাইস চেয়ারম্যান/ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

০৮। উপজেলা............................................ অফিসার, গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

০৯। চেয়ারম্যান, .................................... ইউপি(সকল), গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।

০৯/০৯/২১

(আবু সাঈদ)
উপজেলা নির্বাহী অফিসার
গোবিন্দগঞ্জ, গাইবান্ধা।